



বাংলাদেশ ইন্সটিটিউট অফ মেরিটাইম রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (BIMRAD)

নৌবাহিনী সদর দপ্তর কমপ্লেক্স, বনানী, ঢাকা-১২১৩
ফোনঃ ৯৮৩৬৪১৪-৯/২৩৯৫, মোবাইলঃ ০১৭৬৯৭০২৩৯৫
ই-মেইলঃ office.bimrad@gmail.com

বিজ্ঞপ্তি নং- ০১

তারিখ ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

‘গবেষণা কর্মকর্তা পদে নিয়োগ বিজ্ঞপ্তি’

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের Societies Registration Act XXI of 1860 দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ নৌবাহিনীর পৃষ্ঠপোষকতায় পরিচালিত বাংলাদেশ ইন্সটিটিউট অফ মেরিটাইম রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (BIMRAD) একটি সেবামুখী সমুদ্র বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটিতে গবেষণা কাজে জনবল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল ও বয়সসীমা
১।	গবেষণা কর্মকর্তা	০৩	ক। সরকার কর্তৃক অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে আর্ন্তজাতিক সম্পর্ক/ ওশানোগ্রাফি/ মেরিন সাইন্স/ জিওলোজি/ মেরিটাইম ল/ পোর্ট ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর। স্নাতক/ স্নাতকোত্তর পরীক্ষায় যেকোন একটিতে প্রথম শ্রেণী/ সমমান গ্রেড। খ। এমফিল/ পিএইচডি ডিগ্রীধারী, বিশ্ববিদ্যালয় অথবা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা কাজের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।	মূল বেতনঃ টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ বাড়ি ভাড়াঃ মূল বেতনের ৫৫%। চিকিৎসা ভাতাঃ টাকা ১৫০০। উৎসব ভাতাঃ ২ টি (মূল বেতন)। নববর্ষ ভাতাঃ মূল বেতনের ২০%।

২। আবেদনপত্র পূরণ এবং জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখঃ

ক। আবেদনপত্র পূরণ এবং জমাদান শুরুর তারিখঃ ১০ ডিসেম্বর ২০২৩।

খ। আবেদনপত্র পূরণ এবং জমাদানের শেষ তারিখঃ ২৭ ডিসেম্বর ২০২৩।

৩। বয়সসীমাঃ ০১ জানুয়ারি ২০২৩ তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বছর। অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়স সীমা আলোচনা সাপেক্ষে শিথিল করা যেতে পারে।

৪। জাতীয়তাঃ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৫। আবেদনের পদ্ধতিঃ অনুচ্ছেদ-১ এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের বিমরাদ ওয়েবসাইট (<https://bimradbd.org/job-application>) হতে আবেদনপত্র ডাউনলোড করে পূরণ করতঃ আগামী ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় সরাসরি/ ডাকযোগে/ ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

বাংলাদেশ ইন্সটিটিউট অফ মেরিটাইম রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (বিমরাদ)
নৌবাহিনী সদর দপ্তর কমপ্লেক্স, বনানী, ঢাকা-১২১৩
ই-মেইলঃ office.bimrad@gmail.com

৬। প্রত্যয়নপত্র : প্রার্থীকে আবেদনপত্রের সাথে একটি প্রত্যয়নপত্র সংযুক্ত করতঃ এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা অন্য কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং তার বিরুদ্ধে যেকোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৭। পে অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান: যেকোন ব্যাংক হতে 'বিমরাড তহবিল', সোনালী ব্যাংক, নৌ সদর দপ্তর শাখা, ঢাকা এর অনুকূলে ১,০০০.০০ (টাকা এক হাজার মাত্র) মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রেরণ।

৮। ছবি: সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ এর সত্যায়িত ছবি।

৯। প্রবেশপত্র: লিখিত/ মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে না। তবে আগামী ১০ জানুয়ারি ২০২৪ তারিখে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নাম ও রোল নম্বর অত্র দপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.bimrad.org) প্রকাশ এবং টেলিফোন মারফত জানানো হবে।

১০। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

- ক। সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- খ। চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- গ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ঘ। দরখাস্ত প্রেরণের সময় খামের উপরে অবশ্যই পদের নাম ও বিষয় উল্লেখ করতে হবে।
- ঙ। আবেদন পত্র প্রেরণের সময় অবশ্যই টাকা ১০০০.০০ (টাকা এক হাজার মাত্র) টাকার একটি ব্যাংক ড্রাফট এর মূলকপি প্রেরণ করতে হবে।

১১। বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষার সময় মূলে কাগজপত্র প্রদর্শন করতে হবে।

১২। E-mail এর মাধ্যমে আবেদনের ক্ষেত্রে আবেদন পত্রসহ ক্রমিক-১০ এ উল্লেখিত সকল কাগজপত্রাদির স্ক্যানকপি office.bimrad@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে এবং মূলে কপি পরীক্ষার পূর্বে জমা প্রদান করতে হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/ টেলিফোন মারফত এবং BIMRAD এর ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

১৪। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৫। প্রার্থীগণের যাতায়াত ও টিফিন বাবদ কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

এম মিনহাজ উদ্দিন
ক্যাপ্টেন বিএন
মহাপরিচালক